



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৫ জুন ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বরিশালের বাকেরগঞ্জ থানায় চার শিশুর বিরুদ্ধে দায়ের করা ধর্ষণের মামলা স্থগিত করে হাইকোর্টের রায় প্রদান

গত ১৩ জুন ২০২১ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া এবং মাননীয় বিচারপতি কামরুল হোসেন মোল্লার সম্মুখে গঠিত দ্বৈত ভারুয়াল বেঞ্চ চূড়ান্ত শুনানীঅন্তে ০৭ টি সুস্পষ্ট নির্দেশনাসহ গত বছরের ১১ অক্টোবর বরিশালের বাকেরগঞ্জ থানায় চার শিশুর বিরুদ্ধে দায়ের করা ধর্ষণের মামলা স্থগিত করে রায় প্রদান করেন।

উক্ত রায়ে চার শিশুকে গ্রেফতার ও থানা হেফাজতে আটক রাখাকে অবৈধ ঘোষণা করে তাদের বিরুদ্ধে দায়েরকৃত ধর্ষণ মামলা বাতিল ঘোষণা করা হয়েছে। রায়ে কিছু নির্দেশনার কথা সুস্পষ্ট ভাবে উল্লেখ করা হয়েছে তা নিম্নে তুলে ধরা হলো:

১. বাকেরগঞ্জ থানার ওই সময়ের ওসিসহ তিন পুলিশ কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় ব্যবস্থা।
২. সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারকে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় ব্যবস্থা।
৩. চার শিশুকে আটক করে প্রিজনভ্যানে করে আনা চার পুলিশ সদস্যকে শনাক্ত করে তাদের সাময়িক বরখাস্ত করতে বলা হয়েছে।
৪. বরিশালের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. এনায়েত উল্লাহর ফৌজদারি বিচারিক ক্ষমতা প্রত্যাহার করে তাকে দেওয়ানি মামলার দায়িত্ব দিতে বলা হয়েছে।
৫. শিশু আইন অনুযায়ী পুলিশের দায়িত্ব কর্তব্য গাইডলাইন আকারে প্রকাশ করে প্রত্যেক থানায় প্রচার করতে বলা হয়েছে।

প্রেক্ষাপট: গত ৮ অক্টোবর, ২০২০ ইং তারিখ একটি বেসরকারী টেলিভিশন, 'সময় টেলিভিশন' এ একটি সংবাদ প্রকাশিত হয় যে, গত ৪ অক্টোবর, ২০২০ ইং তারিখ বাকেরগঞ্জের ০৭ বছরের একটি কন্যা শিশুকে ধর্ষণের অভিযোগে তার পিতা বাদী হয়ে গত ৬ অক্টোবর, ২০২০ ইং তারিখ ৯-১০ বছর বয়সী ০৪ জন ছেলে শিশুর বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় এফ.আই.আর দায়ের করেন। উক্ত অভিযোগের ভিত্তিতে ওইদিনই ওই ০৪ শিশুকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে ৭ অক্টোবর, ২০২০ ইং তারিখ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল তাদের জামিনের আবেদন বাতিল করে তাদেরকে শিশু উন্নয়ন কেন্দ্র যশোরে প্রেরণের নির্দেশ দেন।

পরবর্তীতে সংবাদটি সামাজিক গণমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়লে, তা মহামান্য হাইকোর্টের নজরে আসে এবং গত ৮ অক্টোবর, ২০২০ ইং তারিখ আনুমানিক রাত ১০:০০ ঘটিকায় হাইকোর্টের মাননীয় বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া এবং মাননীয় বিচারপতি মহি উদ্দিন শামীম এর সম্মুখে গঠিত দ্বৈত ভারুয়াল বেঞ্চ একটি সুও মুটো রুল নং ১৬/২০২০ ইস্যু করেন এবং তাৎক্ষণিকভাবে ০৪ শিশুকে জামিনে মুক্তি প্রদানের জন্য নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, বরিশালের প্রতি নির্দেশ প্রদান করেন। উক্ত নির্দেশের আলোকে পরবর্তীতে গত ০৯ অক্টোবর, ২০২০ ইং তারিখ ০৪ জন শিশুকে তাদের নিজ নিজ পরিবারের জিম্মায় জামিনে মুক্তি প্রদান করা হয়।

এই সুও মুটো রুলের বিবাদীগণ ছিলেন যথাক্রমে (১) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; (২) সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; (৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; (৪) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়; (৫) শিশু আদালত (নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল, জেলা জজ, বরিশাল); (৬) ডেপুটি কমিশনার, বরিশাল; (৭) ডেপুটি কমিশনার, যশোর; (৮) সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বিচারিক আদালত, বাকেরগঞ্জ, বরিশাল; (৯) জেলা সমাজ কল্যাণ অফিসার, বরিশাল; (১০) জেলা সমাজ কল্যাণ অফিসার, যশোর; (১১) প্রবেশন অফিসার, জেলা সমাজ কল্যাণ কার্যালয়, বরিশাল; (১২) সুপারইনটেনডেন্ট, শিশু উন্নয়ন কেন্দ্র, পুলেরহাট থানা, কোতয়ালী, যশোর; (১৩) অফিসার-ইন-চার্জ এবং (১৪) শিশু সহকারী পুলিশ অফিসার (ক্যাপো), বাকেরগঞ্জ থানা, বরিশাল।

পরবর্তীতে গত ১৮ নভেম্বর, ২০২০ ইং তারিখ, উপরোল্লিখিত ঘটনা ও পারিপার্শ্বিক পরিস্থিতি স্বার্থ সংশ্লিষ্ট হওয়ায় সিসিবি ফাউন্ডেশন ও ব্লাস্ট আদালতকে সহায়তা করার জন্য ইস্যুকৃত রুলে পক্ষভুক্ত হওয়ার আবেদন করেন। উক্ত আবেদনের শুনানীতে গত ৯ ডিসেম্বর ২০২০ ইং তারিখ হাইকোর্টের মাননীয় বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া এবং মাননীয় বিচারপতি মহি উদ্দিন শামীম এর সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ উক্ত স্যুও মুটো রুলে সিসিবি ফাউন্ডেশন ও ব্লাস্টের দায়ের করা পক্ষভুক্ত আবেদনটি মঞ্জুর করেন।

গতকাল আদালতে পক্ষভুক্ত আবেদনকারী হিসেবে সিসিবি ফাউন্ডেশন এবং ব্লাস্টের পক্ষ হতে শুনানীতে উপস্থিত ছিলেন ব্যারিস্টার মো. আব্দুল হালিম ও অ্যাডভোকেট জামিউল হক ফয়সাল। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নওরোজ মো. রাসেল চৌধুরী ও সহকারী অ্যাটর্নি জেনারেল এমএমজি সরোয়ার পায়েল।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd

প্রয়োজনে যোগাযোগ করুন:

ব্যারিস্টার আবদুল হালিম

মোবাইল নং: ০১৭১৩০০১৫৩১

ই-মেইল : halim_md@yahoo.co.uk

ব্যারিস্টার শারমিন আক্তার

সিনিয়র স্টাফ আইনজীবী, ব্লাস্ট

মোবাইল নং: ০১৭১৭৪৪৪৩১১

ই-মেইল: sharmin1@blast.org.bd